

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ২৬, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় স্পেশাল জজ এর কার্যালয়, ঢাকা।

“বিজ্ঞপ্তি”

যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত মামলা সমূহের পলাতক আসামীদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রয়েছে;

এবং যেহেতু, অত্রাদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রয়েছে যে, আপনারা তফসিলে বর্ণিত আসামীগণ পলাতক থেকে গ্রেফতার এড়ানোর জন্য আত্মগোপন করে আছেন এবং আপনাকে আশু গ্রেফতার করে বিচারে সোপর্দ করার সম্ভাবনা নেই;

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল ল' এমেন্ডমেন্ট অ্যাক্ট এর ৬(১এ) উপ-ধারার বিধান মতে তফসিলে বর্ণিত মামলায় আপনাকে অত্র বিজ্ঞপ্তি বাংলাদেশ গেজেটে প্রকাশের ১৫ দিনের মধ্যে অত্রাদালতে হাজির হওয়ার নির্দেশ দেয়া গেল। অন্যথায় আপনার অনুপস্থিতিতেই মামলার বিচারকার্য সম্পন্ন/নিষ্পত্তি করা হবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
(১)	(১) জনাব মোঃ আব্দুস সামাদ (৬০), সাবেক ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, মহিলা শাখা (বর্তমানে ফরেন এক্সচেঞ্জ শাখা), নারায়ণগঞ্জ, পিতা-মৃত দাউদ আলী, গ্রাম ও ডাকঘর-আলীনগর, থানা- গোমস্তাপুর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ, বর্তমান ঠিকানা-ফ্ল্যাট নং সিডি-৫, বাসা নং-৭৫, শংকর (পশ্চিম ধানমন্ডি), ঢাকা।	স্পেশাল মামলা নং- ১/২০২৪ {নারায়ণগঞ্জ থানার মামলা নং-৭৫(১২)২০১৭ হতে উদ্ধৃত।} ধারা: দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারা ও ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।

এস.এম. জিয়াউর রহমান  
বিভাগীয় স্পেশাল জজ, ঢাকা।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৮২১)

মূল্য : টাকা ৪.০০